দৈনিক ইত্তেফাক

তারিখ ... 2 APR 2017 ...
পৃষ্ঠা ...২৫... কলাম ...৫...

# পবিপ্রবিতে শিক্ষক সংকটে ক্লাস বন্ধ

■ পবিপ্রবি (পটুয়াখালী) সংবাদদাতা

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংকটের কারণে এমবিএ প্রোগ্রামের কয়েকটি কোর্সের ক্লাস বন্ধ রয়েছে। এ দিকে শিক্ষক সংকটের কারণে আগামী বর্ষে এমবিএ প্রোগ্রামে নতুন শিক্ষার্থী ভর্তি করা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, এমবিএ প্রোগ্রামে একাউন্টিং ও ফিন্যান্স বিভাগের অধীনে পৃথকভাবে পাঁচটি কোর্স পড়ানো হয়। একাউন্টিং ও ইনফরমেশন সিস্টেম বিভাগে মোট দুইজন শিক্ষক থাকলেও একজন রয়েছেন শিক্ষা ছুটিতে। অপরদিকে, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের মোট তিনজন শিক্ষকর দুইজনকেই দেওয়া হয়েছে শিক্ষা ছুটি। প্রত্যেক বিভাগে মাত্র একজন শিক্ষক থাকায় প্রায়ই বন্ধ থাকছে ক্লাস কার্যক্রম। এতে সেশনজটের আশঙ্কায় ভুগছে শিক্ষার্থীরা।

অন্যদিকে, বিএএম অনুষদের চারটি বিভাগে থাকা মোট ১০ জন শিক্ষকের ছয়জনই রয়েছেন শিক্ষা ছুটিতে। শিক্ষক না থাকায় স্থবির হয়ে পড়েছে পুরো অনুষদের শিক্ষা কার্যক্রম।

এ দিকে, এ ঘটনার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দায়ী করেছেন শিক্ষার্থীরা। তাদের মতে শিক্ষার্থীদের পড়াশোনার কথা বিবেচনা না করে শিক্ষকদের ঢালাওভাবে শিক্ষা ছুটি দিয়েছে প্রশাসন।

বিএএম অনুষদের একাধিক শিক্ষার্থী জানান, শিক্ষক সংকটের বিষয়টি একাধিকবার সমাধান করার কথা বললেও কোনো ব্যবস্থা নিচ্ছে না প্রশাসন।

এ বিষয় জানতে চাইলে বিএএম অনুষদের ডিন প্রফেসর বদিউজ্জামান বলেন, শিক্ষক সংকটের বিষয়টি সমাধানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চেষ্টা চালিয়ে যাচ্ছে। ঢালাওভাবে শিক্ষকদের শিক্ষা ছুটিতে পাঠানোর বিষয়ে করা এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সার্বিক দিক বিবেচনা করেই তাদের শিক্ষা ছুটিতে পাঠানো হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর